



Reg. No.Dha-0462

বাংলাদেশ মহিলা পরিষদ  
BANGLADESH MAHILA PARISHAD  
SUFIA KAMAL BHABAN  
10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000  
Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org  
E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com  
NGOs in consultative status with the Economic and Social  
Council [ECOSOC] of the United Nations

তারিখ: ৩১.১০.২০২২

বরাবর

বার্তা সম্পাদক সমীপে

দৈনিক পত্রিকা/টেলিভিশন চ্যানেল

সংবাদ প্রকাশ/ প্রচারার্থে।

বিষয়: ১। নোয়াখালী জেলার লক্ষ্মীনারায়ণপুর এলাকায় ৫ম শ্রেণীর ছাত্রী বিদ্যালয় থেকে ফেরার পথে দুর্বৃত্তদের ধারালো অস্ত্রের হামলায় গুরুতর আহত হওয়া, ২। ময়মনসিংহ জেলার গফরগাঁওয়ে প্রেমের প্রস্তাবে রাজি না হওয়ায় কলেজ ছাত্রীকে বখাটেরা ছুরিকাঘাতে গুরুতর আহত করার ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে জড়িতদের সনাক্তকরণ পূর্বক দ্রুত গ্রেফতারসহ যথাযথ শাস্তির দাবিতে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ৩১ অক্টোবর ও গত ৩০ অক্টোবর, ২০২২ তারিখ দৈনিক বিভিন্ন পত্রিকায় প্রকাশিত সংবাদে জানা যায় যে-

নোয়াখালী জেলার লক্ষ্মীনারায়ণপুর এলাকায় ৫ম শ্রেণীর ছাত্রী বিদ্যালয় থেকে ফেরার পথে দুর্বৃত্তদের ধারালো অস্ত্রের হামলায় গুরুতর আহত হওয়ার ঘটনা ঘটেছে। জানা যায়, গত ৩০ অক্টোবর ২০২২ বেলা সাড়ে ১১টার দিকে নোয়াখালী পৌর শহরের লক্ষ্মীনারায়ণপুর এলাকার মাইজদীর বহিরার দোকানের সামনে এ ঘটনা ঘটে। নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ৫ম শ্রেণীর ছাত্রী দুপুরে বিদ্যালয় থেকে পায়ে হেঁটে প্রাইভেট পড়ার জন্য পার্শ্ববর্তী একজন শিক্ষকের বাসায় যাচ্ছিল এসময় বসিরার দোকান এলাকায় পৌঁছালে পিছন থেকে মুখে রুমাল বাধা অবস্থায় মোটরসাইকেলে দুইজন এসে ছাত্রীর বাম হাতে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে পালিয়ে যায়। পরে রক্তাক্ত অবস্থায় তাকে উদ্ধার করে নোয়াখালীর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করেন। উল্লেখ্য যে, গত ২৬ ও ২৭ সেপ্টেম্বর, ২০২২ সদর উপজেলার বিনোদপুর ইউনিয়নের হাটখোলা এলাকায় এবং হরিনারায়ণপুর এলাকায় দুই ছাত্রীকে বিদ্যালয়ে যাওয়ার পথে মুখে কাপড় দিয়ে মুখ বাদা বখাটে যুবকেরা ছাত্রীদের গলায় ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে পালিয়ে যায়।

ময়মনসিংহ জেলার শিলাসী এলাকায় গফরগাঁও মহিলা কলেজ রোডে প্রেমের প্রস্তাবে রাজি না হওয়ায় বখাটেরা কলেজ ছাত্রীকে তার গালে ছুরিকাঘাতে গুরুতর আহত করার ঘটনা ঘটেছে। জানা যায়, প্রেমের প্রস্তাবে রাজি না হওয়ায় ওই কলেজ ছাত্রীকে বেশ কিছুদিন ধরে কলেজে আসা-যাওয়ার পথে নানাভাবে উত্ত্যক্ত করত উপজেলার উথুরী গ্রামের কবীর মিয়ার ছেলে বখাটে জাহিদ ও তার বন্ধুরা। গফরগাঁও মহিলা কলেজের ওই ছাত্রী একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণের উদ্দেশ্যে বাড়ি থেকে বের হয়ে কলেজে আসার সময় শিলাসী মহিলা কলেজ রোড এলাকায় আগে থেকেই ওৎপেতে থাকা বখাটে জাহিদ ও তার বন্ধুরা ওই কলেজছাত্রীর রিকশার গতিরোধ করে। ওই কলেজছাত্রীকে রিকশা থেকে জোরপূর্বক নামিয়ে জাহিদ তার হাতে থাকা ধারালো খুর দিয়ে ছাত্রীর বাম গালে তিনটি আঘাত করে পালিয়ে যায়। পরে স্থানীয়রা কলেজছাত্রীকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। অবস্থার অবনতি হলে তাকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।

বর্তমান সময়ে আমরা লক্ষ্য করছি যে, রাস্তায় চলাচলের পথে কিশোরী, তরুণীরা যৌন সহিংসতাসহ বিভিন্ন ধরনের সহিংসতার শিকার হচ্ছে এবং এত করে তাদের পড়ালেখা করা বন্ধ হওয়ার উপক্রম হচ্ছে। সেইসাথে নারী ও কন্যার জীবনের নিরাপত্তা চরমভাবে ব্যাহত হচ্ছে এবং তাদের স্বাধীন চলাচল ও জীবনধারণ বিঘ্নিত হয়ে পড়ছে। এই অবস্থা দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতিকে প্রশ্নবিদ্ধ করছে।

বাংলাদেশ মহিলা পরিষদ স্কুল ও কলেজছাত্রীদের ছুরি ও ধারালো অস্ত্রের আঘাতে নির্মমভাবে আহত করার ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করছে। সৃষ্ট ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে ঘটনার সাথে জড়িতদের সনাক্তকরণ পূর্বক দ্রুত গ্রেফতারসহ যথাযথ শাস্তির লক্ষ্যে দ্রুত বিচারের দাবি জানাচ্ছে।

এ ধরনের নৃশংস ঘটনার পুনরাবৃত্তিরোধে ঘরে-বাইরে নারী ও কন্যার নিরাপত্তা নিশ্চিতকরণে আশু কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সরকার, সংশ্লিষ্ট প্রশাসন ও মন্ত্রণালয়ের নিকট জোর দাবি জানাচ্ছে। সেইসাথে নারী ও কন্যার প্রতি সহিংসতা প্রতিরোধে বখাটেরদের বিরুদ্ধে একব্যব্দ পারিবারিক ও সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানাচ্ছে।

বিত্তিতে স্বাক্ষর করেন-

ডা. ফর্জিয়া মোসলেম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ